

পশ্চিমবঙ্গ সরকার
উচ্চশিক্ষা দফতরঃ সি. এস. শাখা
বিকাশ ভবনঃ সল্টলেকঃ কলকাতা - ৭০০০৯১

স্মারক সংখ্যা-৩৬৪-ইডিএন(সি.এস.)

তারিখঃ ১১.০৪.২০২০

প্রেরকঃ শ্রী শংকর দাস
সহ সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রতিঃ অধ্যাপিকা জয়শ্রী রায়চৌধুরী
শিক্ষা অধিকর্তা, পশ্চিমবঙ্গ

মহাশয়া,

বেশ কিছু অতিথি শিক্ষকের অভিযোগের ভিত্তিতে জানা গেছে, যে সমস্ত সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজ নিজেরাই অতিথি শিক্ষক নিয়েছিলেন তাদের কলেজ পরিচালন সমিতি ভাতা দেওয়া বন্ধ করেছেন। রাজ্য সরকার যখন প্রয়োজন ও ইউজিসি নিয়মাবলী কে সামনে রেখে একটা তথ্য সংগ্রহের কাজ করছে, ঠিক তখনই কলেজ পরিচালন সমিতি তাদের নেওয়া অতিথি শিক্ষকদের নিজেদের থেকে ভাতা দেওয়া বন্ধ করেছেন।

এই মুহূর্তে সারা দেশ ও রাজ্য "করণা" আক্রান্ত। রাজ্য সরকার তাঁর সমস্ত ক্ষমতা প্রয়োগ করে যুদ্ধকালীন ভিত্তিতে এই অনভিপ্রেত পরিস্থিতিকে স্বাভাবিক করার চেষ্টা করে চলেছেন।

রাজ্য সরকারের দৃষ্টিতে, সেই প্রেক্ষাপটে, কলেজ যখন নিজেরাই তাদের ভাতা-ভিত্তিতে নিয়েছেন, তাদের সেই ভাতা দেওয়া যেন বন্ধ না করা হয়, যতক্ষণ না পর্যন্ত এ বিষয়ে সরকারি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

মাননীয় শিক্ষামন্ত্রীর অনুমত্যানুসারে এই নির্দেশিকা জারী করা হ'লো।

বিনীত,

স্বাঃ শংকর দাস
সহ সচিব, পশ্চিমবঙ্গ সরকার